বাংলাদেশ ফরম নং ১৫০৪

ক 95542

**ধারা ৫২ (১) (খ) অনুসারে রসিদ**

[দ্রষ্টব্য: বিধি ৭, ২৪(২), ৪৪(২) এবং ৯৫(২)]

২০১৬ সালের ............ নং

দাখিলকারীর অংশ

বহি নং ............

দলিল নং ৭৪০৬

ক্রমিক নং ৭৫৪২

খান মোহাম্মদ মাহফুজুল হক যাহার নিকট হইতে প্রাপ্ত।

............ যাহার দ্বারা দলিলটি সম্পাদিত।

............ যাহার বরাবরে সম্পাদিত।

মোঃ ওমায়িদ মিয়া

দলিলের প্রকৃতি ............ ৫০০/-

দলিলে লিখিত সম্পত্তির মূল্য ১৬৭৯৭৫০০/-

ফি তালিকার দফা ............ টাকা।

ফিস ............ মোট পরিমান।

সম্ভাব্য যে তারিখে ফেরত লইবার জন্য দলিলটি প্রস্তুত থাকিবে।

সাব-রেজিস্ট্রার

তারিখ ............২০ ... ... সন।

এই রসিদটি দাখিল করিলে দলিল ফেরত দেওয়া হইবে। উইল ব্যতীত অন্যান্য দলিল নিবন্ধন কার্যালয়ে দুই বৎসরের অধিককাল দাবিবিহীন অবস্থায় থাকিলে তাহা আইন অনুযায়ী বিনষ্ট করা যাইতে পারে।

নিবন্ধনকার্য সম্পূর্ণ হইবার পর একমাসের অধিককাল কোন দলিল বা মোক্তারনামা দাবিবিহীন অবস্থায় থাকিলে প্রতি মাস বা তাহার কোন অংশের জন্য অতিরিক্ত ৫/- টাকা হারে ফি প্রদান করিতে হইবে। প্রতি ক্ষেত্রে এই ফি সর্বোচ্চ ১০০/- টাকা হইতে পারে।

জনাব ........................................................................................................................ কে অপর পৃষ্ঠায় বর্ণিত দলিল খানি ফেরত দিবেন এবং উহার বাবদ আমার যদি কোন ফিস ফেরত পাইবার থাকে উহা তাহাকে দিবেন।

আবু মোহাম্মদ মাহবুবুল হক

দাখিলকারীর স্বাক্ষর

অপর পৃষ্ঠায় বর্ণিত দলিলখানি পাইলাম। ফিসের তালিকার.....................দফা মতে নিম্নলিখিত ফিস ফেরত পাইলাম।

* প্রয়োজনমত কাটিয়া দিতে হইবে।

| তারিখ<br>সিলমোহর |
|---|

....................২০ সাল।

গ্রহণকারীর স্বাক্ষর

সাব-রেজিস্ট্রারের স্বাক্ষর

মুদ্রণাদেশ নং-১০.০৫.০০০০.০০০.০০০৭.০০১.১৪/৫১৮ তারিখঃ১৫/১/১৫ খ্রিঃ।
মুদ্রণেঃ- আল-আমিন প্রেস এন্ড পাবলিকেশন্স। রশিদ বহির সংখ্যা-৩৫,০০০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

অবিকল নকল

সাব-রেজিস্ট্রার
মিরপুর, ঢাকা।

বিস্‌মিল্লাহির রা্‌হমানির রাহীম।

সাফ কবলা দলিল।

ক্রমিক নং ঃ ৭৫৪২ বহি নং ঃ ১ দলিল নং ঃ ৭৪০৬

১। রেজিষ্ট্রি অফিসের নাম ঃ সাব রেজিষ্ট্রি অফিস মিরপুর, ঢাকা।

২। দলিলের সার সংক্ষেপ ঃ

| দলিলের প্রকৃতি | মৌজার নাম | ইউনিয়ন/ওয়ার্ড | থানা /উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| সাফ কবলা | গড়ান চটবাড়ী | | পল্লবী | ঢাকা |

| হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ | শ্রেণী | মূল্য (অংকে ও কথায়) |
|---|---|---|
| ৬০.৭৫ (ষাট দশমিক সাত পাঁচ) শতাংশ | নাল | মং- ১,৩৭,৯৭,৫০০/- (একা কোটি সাইত্রিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত) টাকা মাত্র। |

সাব-রেজিস্ট্রার
মিরপুর-ঢাকা।

চলমান পাতা-২

10036

15 JUN 2016

মোঃ সামসের আলী
ষ্ট্যাম্প ভেন্ডার
জজ কোর্ট, ঢাকা
লাইসেন্স নং-১০/২০০০

[illegible]
২০.০০
১৫০
১২০
৫০.০০
২০.০০
৭৫.০০

[Copy] Prepared Sealed Signed & delivered to the applicant as per [Order No.] ৯৬৭৩ [Dated] ১৫/৬/১৬

সাব-রেজিষ্ট্রার
মিরপুর, ঢাকা।
১৯/৬/১৬

৩। দলিল গ্রহিতা/গ্রহিতাগনের নাম ও ঠিকানা ঃ (আদালত, সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ছবি প্রযোজ্য নয়) ঃ ওয়াহিদ কনষ্ট্রাকশন লিমিটেড, চন্দ্রশীলা সুবাস্তু টাওয়ার (৫ম তলা), ৬৯/১, গ্রীন রোড, পান্থপথ, থানা- কলাবাগান, জেলা- ঢাকা, এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক-

| | | |
|---|---|---|
| নাম | ঃ | মোঃ ওয়াহিদ মিয়া |
| পিতার নাম | ঃ | মরহুম আলহাজ্জ্ব আব্দুল করিম মিয়া |
| মাতার নাম | ঃ | জোবাইদা খাতুন |
| বয়স/জন্ম তারিখ | ঃ | ০৪/১১/১৯৭১ ইং |
| ধর্ম | ঃ | ইসলাম |
| পেশা | ঃ | ব্যবসা |
| জাতীয়তা | ঃ | বাংলাদেশী |
| টি.আই.এন. নং | ঃ | ২৫৫০৭৪৫২৪৬১২, সার্কেল ১০১ (কোম্পানী), জোন ০৫, ঢাকা |

| স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|
| গ্রাম/রোড নং ঃ ২২/ক, নিলটুলী | গ্রাম/রোড নং ঃ ২২/ক, নিলটুলী |
| থানা/উপজেলা ঃ কোতয়ালী | থানা/উপজেলা ঃ কোতয়ালী |
| ডাকঘর ঃ ফরিদপুর-৭৮০০ | ডাকঘর ঃ ফরিদপুর-৭৮০০ |
| জেলা/শহর ঃ ফরিদপুর | জেলা/শহর ঃ ফরিদপুর |

৪। দলিল দাতা/দাতাগনের নাম ও ঠিকানা ঃ (আদালত, সরকারী বা বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ছবি প্রযোজ্য নয়) ঃ

| | | |
|---|---|---|
| নাম | ঃ | খান মোহাম্মদ মাহফুজুল হক |
| পিতার নাম | ঃ | কে. এম. আব্দুল হাই |
| মাতার নাম | ঃ | আয়েশা নাজনীন |
| বয়স/জন্ম তারিখ | ঃ | ১৩/১২/১৯৬২ ইং |
| ধর্ম | ঃ | ইসলাম |
| পেশা | ঃ | ব্যবসা |
| জাতীয়তা | ঃ | বাংলাদেশী |
| জাতীয় পরিচয় পত্র নং | ঃ | ২৬৯৯৫০১৯২৮৭৭৮ |

চলমান পাতা-৩

| স্থায়ী ঠিকানা | | বর্তমান ঠিকানা | |
|---|---|---|---|
| গ্রাম/রোড নং | ঃ বাড়ী নং ৪৭, রোড নং ১৪, সেক্টর ০৩ | গ্রাম/রোড নং | ঃ বাড়ী নং ৪৭, রোড নং ১৪, সেক্টর ০৩ |
| থানা/উপজেলা | ঃ উত্তরা | থানা/উপজেলা | ঃ উত্তরা |
| জেলা/শহর | ঃ ঢাকা | জেলা/শহর | ঃ ঢাকা |

৫। আমমোক্তার / প্রতিনিধির / অভিভাবকের মাধ্যমে দলিল সম্পাদন হইয়া থাকিলে তাহার নাম, ঠিকানা ও বিবরণ ঃ প্রযোজ্য নহে।

৬। আমমোক্তার নামার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ প্রযোজ্য নহে।

৭। হস্তান্তরাধীন জমির নূন্যপক্ষে ২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ ঃ (যথাযথ ক্ষেত্রে ওয়ারিশ ও বায়া দলিল সমূহের বিস্তারিত বিবরণ) এবং হস্তান্তরের উদ্দেশ্য সম্পত্তির দখল ইজমেন্ট স্বত্ব এবং হস্তান্তর সম্পর্কিত উল্লেখযোগ্য মন্তব্য (যদি থাকে) সম্পর্কিত বিবরণ ঃ

২৫ বছরের মালিকানার ধারাবাহিক বিবরণ ঃ সর্ব শক্তিমান মহান আল্লাহ তায়ালার পবিত্র নাম স্মরণে সাফ বিক্রয় কবলা দলিলের আইনানুগ বয়ান আরম্ভ করিলাম। যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির যাহা ঢাকা জিলার মিরপুর থানাধীন ২১৮ নং মৌজা "গড়ান চটবাড়ী" স্থিত সি,এস, ১০২ নং খতিয়ানের ৮৭ নং দাগের ১৫৭ শতাংশ ভূমি ঢাকা জিলার মিরপুর থানাধীন নবাবেরবাগ নিবাসী আলম চান ও চান মিয়া জোত স্বত্বে স্বত্ববান মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকিয়া বহু পুর্বে ঢাকা জিলার মিরপুর থানাধীন নবাবেরবাগ নিবাসী টালুর পুত্র মেহের আলী ও তোরাব আলীর নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত আলম চান ও চান মিয়া নিঃস্বত্ববান হন। অতঃপর মেহের আলী ও তোরাব আলী নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আলম চান ও চান মিয়ার নিকট হইতে খরিদ করিয়া খরিদা সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকিয়া এস.এ. খতিয়ান সাবেক ১০২, দাগ নং ৮৭ এবং এস, এ, খতিয়ান নং ৪৪৫, দাগ নং ৮৬ সহ অন্যান্য দাগ অন্যান্য শরীকগনের সহিত নিজ নিজ

চলমান পাতা-৪

Execution is admitted by —

সাব-রেজিষ্ট্রার
মিরপুর, ঢাকা।

নাম রেকর্ড ভুক্ত করাইয়া সরকারী তহশীলে চেক দাখিলা গ্রহন করত ভোগদখলকার থাকাবস্থায় মেহের আলী চার পুত্র হারুন মিয়া ওরফে আয়ান মিয়া, রমজান আলী, দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন ও হেলাল উদ্দিন, দুই কন্যা তহুরান খাতুন ও মনোয়ারা খাতুনকে এবং স্ত্রী মফেয়া খাতুনকে তাহার ত্যাজ্যবিত্ত সম্পত্তি ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৭ নং দাগের কাতে ৭৮.৫০ শতাংশ ভূমি হারুন মিয়া ওরফে আরান মিয়া, রমজান আলী, দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন, হেলাল উদ্দিন, তহুরান খাতুন ও মনোয়ারা খাতুন পিতার ওয়ারিশ সুত্রে এবং মফেয়া খাতুন স্বামীর ওয়ারিশ সুত্রে মালিক ভোগ দখলকার ও দখলকারিনী নিয়ত থাকাবস্থায় মফেয়া খাতুন চার পুত্র হারুন মিয়া ওরফে আয়ান মিয়া, রমজান আলী, দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন ও হেলাল উদ্দিন দুই কন্যা তহুরান খাতুন ও মনোয়ারা খাতুন ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৭ নং দাগের কাতে ৭৮.৫০ শতাংশ ভূমি পিতা ও মাতার ওয়ারিশ সুত্রে এবং বিগত ২৯/০৫/২০০১ ইং তারিখে মিরপুর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২৮৮৭ নং এওয়াজ বদল নামা দলিল দ্বারা ৮৭ নং দাগের কাতে ২১.৫০ শতাংশ ভূমি হাজী মোঃ সওদাগর মাদবর এর সহিত এওয়াজ বদলী সুত্রে মালিক ও ভোগ দখলকার ও দখলকারিনী নিয়ত হন।

এবং যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির যাহা ঢাকা জিলার মিরপুর থানাধীন ২১৮ নং মৌজা "গড়ান চটবাড়ী"স্থিত সি, এস, ৬৩৮ নং খতিয়ানের ৮৬ নং দাগের কাতে ৪১১ শতাংশ ভূমি ঢাকা জিলার মিরপুর থানাধীন নবাবেরবাগ নিবাসী মৃত কালা চান এর পুত্র টালু মিয়া ২ আনা কালু মিয়া ২ আনা, মালু মিয়া ২ আনা, পচা শেখ ২ আনা ও মৃত গোরাচান এর পুত্র এছহাক ৮ আনা অংশের মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকাবস্থায় নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সহ অন্যান্য দাগের সম্পত্তি ঘরোয়া আপোষ বন্টন করিয়া নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৬ নং দাগের ৪১১ শতাংশ ভূমি টালু, মালু, পচা ও কালু ঘরোয়া আপোষ বন্টণ সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকাবস্থায় মালু নিঃসন্তান অবস্থায় পরলোক গমন করিলে টালু, পচা, কালু

চলমান পাতা-৫

নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ৮৬ নং দাগের কাতে ৪১১ শতাংশ ভূমি মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকাবস্থায় টালু মিয়া দুই পুত্র তোরাব আলী ও মেহের আলীকে, পচা শেখ তিন কন্যা সুরবানু, নুরবানু, হাসান বানুকে ও স্ত্রী লাল বানুকে ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে উক্ত সম্পত্তিতে তোরাব আলী, মেহের আলী সুর বানু, নুর বানু, হাসান বানু ও লাল বানু ওয়ারিশ সুত্রে মালিক, স্বত্ববান ও ভোগ দখলকার নিয়ত হন। অতঃপর কালু, তোরাব আলী, মেহের আলী, সুরবানু, নুরবানু, হাসান বানু ও লাল বানু নিম্ন তফসিল বর্নিত সম্পত্তিতে ৮৬ নং দাগের কাতে ৪১১ শতাংশ ভূমি যথাক্রমে জোত স্বত্বে ও পিতা ও স্বামীর ওয়ারিশ সুত্রে এজমালিতে মালিক ও ভোগ দখলখার নিয়ত থাকিয়া অন্যান্য দাগের সম্পত্তির সাথে ৮৬ নং দাগের সম্পত্তি বিগত ০২/১২/১৯৫৭ ইং তারিখে সদর সাব রেজিষ্ট্রী অফিস তেজগাঁও ঢাকায় রেজিষ্ট্রীকৃত ১২৪৯ নং আপোষ বন্টণ নামা দলিল সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া নিয়া নিম্ন তপসিল বর্নিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি তোরাব আলী ও মেহের আলী এবং ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি নুর বানু বিবি, সুর বানু বিবি, হাসান বানু বিবি ও লাল বানু বিবি বন্টণ সুত্রে ছাহাম প্রাপ্ত হইয়া মালিক স্বত্ববান, ভোগ দখলকার ও দখলকারিনী নিয়ত হন। অতঃপর নুর বানু বিবি, সুর বানু বিবি, হাসান বানু বিবি ও লাল বানু বিবি তাহাদের বন্টণ সুত্রে ছাহাম প্রাপ্ত অংশ তাহারা পুনরায় তাহাদের মধ্যে বিগত ১৪/০৩/১৯৫৯ ইং তারিখে ঢাকা সদর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ১নং বহির ৪৭ নং ভলিউমের ১১৪ নং পাতা হইতে ১১৮ নং পাতায় লিপিবদ্ধ ৩৫২৪ নং আপোষ বন্টণ নামা দলিল সম্পাদনে রেজিষ্ট্রি করিয়া নিয়া নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি নুর বানু বিবি একক ভাবে বন্টণ সুত্রে নিজ ছাহাম প্রাপ্ত হইয়া মালিক স্বত্ববান ও ভোগ দখলকারিনী নিয়ত থাকাবস্থায় ষাট দশকের দিকে নুর বানু বিবি নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ

চলমান পাতা-৬

ভূমি তোরাব আলী ও মেহের আলীর নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত নুর বানু বিবি নিঃস্বত্ববান হন। অতঃপর তোরাব আলী নিম্ন তফসিল বর্ণিথ সম্পত্তির ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি বন্টণ সুত্রে ও খরিদা সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকিয়া বিগত ০১/০৪/১৯৬৮ ইং তারিখে ৫২৩৪ নং সাফ কবলা দলিল মুলে নিয়ামত মিয়ার পুত্র নুরুল ইসলাম ও মজনু মিয়ার নিকট সাফ বিক্রয় করিয়া উক্ত সম্পত্তি হইতে তোরাব আলী নিঃস্বত্ববান হন। অতঃপর নুরুল ইসলাম ও মজনু মিয়া নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি খরিদা সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকেন। পরবর্তীতে তোরাব আলী এক পুত্র জয়নব আলীকে একমাত্র ওয়ারিশ বিদ্যমান রাখিয়া শহীদ হইলে মোঃ জয়নব আলী ওরফে জনাব আলী বিগত ১৮/০৬/১৯৭৯ ইং তারিখে ঢাকা জেলা রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২৩৮২৭, ২৩৮২৮, ২৩৮২৯ ও ২৩৮৩০ নং সাফ কবলা দলিল দ্বারা আমির হোসেন এর স্ত্রী মোসাম্মৎ নুর বানুর নিকট নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি সাফ বিক্রয় করিয়া দেন। অতঃপর মোসাম্মৎ নুর বানু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি খরিদ করিয়া খরিদা সুত্রে মালিক ও ভোগদখলকারিনী নিয়ত থাকিয়া সরেজমিনে উহার দখল পজিশন নিয়া টি,আর,ও তেজগাও অফিসে ০৪/৯/১৯৭৯ ইং তারিখে মিস কেইচ নং-২৩৬৪(এম)/৭৯-৮০ দ্বারা তাহার নিজ নামে নামজারী করিয়া রীতিমত খাজনাদি আদায় ক্রমে শান্তিপুর্ন ভাবে ভোগ দখল করিতে থাকেন। উক্ত জয়নব আলী ওরফে জনাব আলী তেজগাও সাব রেজিষ্ট্রি অফিসে বিগত ০৯/০৮/১৯৭৯ ইং তারিখে ১১৫১৬ নং ও ১১৫১৭ নং সাফ কবলা দলিল দ্বারা আব্দুল খালেক সারেং এর পুত্র হাজী আব্দুল আউয়াল গং এর বরাবরে নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি বিক্রী করেন। কিন্তু উক্ত দলিল মূলে হাজী আব্দুল আউয়াল গং

সরেজমিনে দখল পান নাই। এমতাবস্থায় হাজী আব্দুল আউয়াল ও সওদাগর মিয়া বিগত ২৪/০৫/১৯৮০ ইং তারিখে মিরপুর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২০৮৯ নং না-দাবী নামা দলিল নুর বানুর বরাবরে সম্পাদন ও রেজিষ্ট্রি করিয়া দেন। উপরোল্লিখিত এবারতে ও বর্ননামতে খরিদ সূত্রে নুর বানু, নুরুল ইসাম ও মজনু মিয়া নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমির মালিক স্বত্ববান নিয়ত হইয়া ভবিষ্যতের জটিলতা নিরসনকল্পে নুর বানু, নুরুল ইসলাম ও মজনু মিয়া একত্রে একযোগে বিগত ১১/১২/১৯৮৩ ইং তারিখে মিরপুর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ২৭০৯ নং ও ২৭১০ নং সাফ কবলা দলিল দ্বারা নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি হাজী মোঃ আপ্তাব উদ্দিন এর নিকট সাফ বিক্রয় করিয়া দখল হস্তান্তরক্রমে উক্ত সম্পত্তি হইতে নুর বানু বিবি গং চিরতরে নিঃস্বত্ববান হন। অতঃপর হাজী মোঃ আপ্তাব উদ্দিন নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি খরিদ করিয়া খরিদা সুত্রে মালিক স্বত্ববান ও ভোগ দখলকার নিয়ত থাকেন এবং উক্ত মেহের আলী নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি বন্টণ সুত্রে ও খরিদা সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত থাকিয়া চার পুত্র মোঃ হারুন মিয়া ওরফে আযম মিয়া, রমজান মিয়া, দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন ও হেলাল উদ্দিন দুই কন্যা তহুরান নেছা ও মনোয়ারা খাতুনকে ত্যাজ্যবিত্ত সম্পত্তির ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে নিম্ন তফসিল বর্ণিত ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি পিতার ওয়ারিশ সুত্রে এবং দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন বিগত ০৭/০৮/১৯৮৩ ইং তারিখে মিরপুর সাব রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রিকৃত ১৭০৯ নং সাফ কবলা দলিল দ্বারা সাহানু বিবির নিকট হইতে সি.এস ও এস.এ. ৮৬ দাগের কাতে ৩৮ (আটত্রিশ) শতাংশ সম্পত্তিসহ আরো কতেক সম্পত্তি খরিদ করিয়া খরিদা সুত্রে মালিক স্বত্ববান ও ভোগ দখলকার নিয়ত হন

চলমান পাতা-৮

অর্থাৎ উপরোক্ত এবারতে লিখিত মর্ম মতে নিম্ন তফসিল বর্ণিত ৮৭ নং দাগের কাতে ১০০ শতাংশ ও ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি মো: হারুন মিয়া ওরফে আয়াম মিয়া, রমজান মিয়া, দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন, হেলাল উদ্দিন, তহুরান নেছা, মনোয়ারা খাতুন পিতার ওয়ারিশী সুত্রে ও এওয়াজ বদলী সুত্রে ও খরিদ সুত্রে এবং হাজী মো: আপ্তাব উদ্দিন ৮৬ নং দাগের কাতে ২০৫$\frac{১}{২}$ শতাংশ ভূমি খরিদ করিয়া খরিদা সুত্রে মালিক ও ভোগ দখলকার নিয়ত হন।

উপরোক্ত বর্ননামতে (১) মো: হারুন মিয়া ওরফে আয়াম মিয়া (২) রমজান মিয়া (৩) দৌলত মিয়া ওরফে দলিল উদ্দিন (৪) হেলাল উদ্দিন (৫) তহুরান নেছা (৬) মনোয়ারা খাতুন (৭) হাজী মো: আপ্তাব উদ্দিন এযাবৎকাল অন্যের নিরাপত্তে ও নির্ব্বিবাদে ভোগ দখলকার নিয়ত থাকাবস্থায় সিটি জরীপ আগত হইলে মাঠ পর্চায় নিজ নিজ শুদ্ধভাবে লিপিবদ্ধ করাইয়া ভোগ দখলকার নিয়তথাকাকালীন বিগত ২৯/০৫/২০০১ ইং তারিখে মিরপুর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত সাফ কবলা দলিল নং- ২৯১৩ মুলে খান মোহাম্মদ মাহফুজুল হক অর্থাৎ অত্র দলিল দাতার বরাবর সি.এস ও এস.এ. ৮৭ দাগের কাতে ২৭ (সাতাশ) শতাংশ এবং সি.এস ও এস.এ. ৮৬ (ছিয়াশি) দাগের কাতে ৩৩.৭৫ (তেত্রিশ দশমিক সাত পাঁচ) শতাংশ একুনে ৬০.৭৫ শতাংশ সম্পত্তি সাফ বিক্রয় করিয়া দখল হস্তান্তরক্রমে উক্ত সম্পত্তি হইতে চিরতরে নি:স্বত্ববান হন। অত:পর অত্র দলিল দাতা ১৯৫৫ সনের পূর্ববঙ্গ প্রজাস্বত্ব আইনের ৩১ নিয়মে ৪৯৮৩০/০১ নং আপীল মোকদ্দমা দায়ের করিয়া উক্ত আপীল মোকদ্দমার বিগত ১৮/১১/২০০১ ইং তারিখের রায় মোতাবেক সিটি জরিপ খতিয়ান নং ৬৮, দাগ নং ৩৮১২, ৩৮১৪ সম্পত্তির পরিমান ৬০.৭৫ নিজ নামে শুদ্ধভাবে লিপিবদ্ধ করাইয়া সকলের জ্ঞাতসারে ভোগদখলকার নিয়ত হইয়া অন্যের নিরাপত্তে ও নির্ব্বিবাদে শান্তিপূর্ণ ভাবে ভোগদখলকার নিয়ত থাকাকালীন মিরপুর ভূমি অফিসে $\frac{৬৮}{১}$ নং জোত খুলিয়া খাজনা প্রদান করত: সকলের

চলমান পাতা-৯

জ্ঞাতসারে শান্তি পূর্ণভাবে ভোগ দখলকার নিয়ত হন।

বর্তমানে অত্র দলিল দাতার সাংসারিক ও ব্যবসায়িক নানাহ্ প্রকার বৈধ কারন বশতঃ নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের প্রস্তাব প্রকাশ্য ভাবে ঘোষণা করিলে পর সে মতে আপনি অত্র দলিল গ্রহিতা উক্ত সংবাদ অবগত হইয়া নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি খরিদ করিবার ইচ্ছা পোষণ করিলে পর বর্তমান সর্বোচ্চ বাজার মূল্য ১,৩৭,৯৭,৫০০/- (একা কোটি সাইত্রিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত) টাকা ধার্য্য করিলে পর আপনার ধার্য্যকৃত মূল্যই বর্তমান বাজারের উচিত মূল্য বিবেচনা করিয়া অদ্য রোজ হাজিরান মজলিসে উপস্থিত স্বাক্ষীগণের মোকাবেলায় আপনার নিকট হইতে মূল্য মং-১,৩৭,৯৭,৫০০/- (একা কোটি সাইত্রিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত) টাকা এককালীন নগদ হাতে হাতে গ্রহণ করিয়া নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আপনার বরাবরে সাফ বিক্রয় করিলাম এবং অদ্যই উহার দখল আপনার বরাবরে ছাড়িয়া ও বুঝাইয়া দিয়া আমি অত্র দলিল সম্পাদনকারী কিংবা আমাদের স্থলবর্তী বা পরবর্তী ওয়ালী ওয়ারিশ গণক্রমে চিরতরে নিঃস্বত্ববান, স্বত্বত্যাগী হইলাম ও হইলেক।

অদ্য হইতে আপনি অত্র দলিল গ্রহিতা নিম্ন তপসিল বর্ণিত সম্পত্তি খরিদা সূত্রে মালিক হইয়া আমাদের যৎ-যাবতীয় স্বত্বে স্বত্ববান ও মালিক ও ভোগ দখলকার বিদ্যমান থাকিয়া উপরোক্ত মনিব বাংলাদেশ সরকারের রাজস্ব দপ্তরের বিভিন্ন রেকর্ডপত্রে আমার নাম কিংবা আমার পূর্ববর্তী মালিকদের নাম বাতিল ঘোষণা করতঃ আপনার নিজ নামে নামজারী ও জমাভাগক্রমে উহার চেক দাখিলা গ্রহণে ইচ্ছাধীনে দান, বিক্রয়, কট, রেহান, হেবা, বয়, বন্ধক, ভাগ-বন্টন মর্টগেজ বিনিময় ইত্যাদি সর্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরের ক্ষমতা গ্রহণে উহাতে পরম সুখে পুত্র পৌত্রাদি ওয়ালী ওয়ারিশ গনক্রমে ভোগ ব্যবহার কার্যাদি পরিচালনা করিতে রহেন ও রহুক। ইহাতে আমি অত্র দলিল দাতা কিংবা অত্র দলিল সম্পাদনকারী বা আমাদের স্থলবর্তী বা পরবর্তী ওয়ালী ওয়ারিশ গণক্রমে কাহারো কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া

চলমান পাতা-১০

রহিল না বা করিলেও তাহা সর্ব আইন আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক।

ইতিপুর্বে আমি অত্র দলিল দাতা বা অত্র দলিল সম্পাদনকারী নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি আপনি অত্র দলিল গ্রহিতা ব্যতিত অন্যত্র কাহারো সহিত বিক্রয় চুক্তিতে কিংবা বন্ধকী দলিল সৃজনে আবদ্ধ হই নাই বা কোন সরকারী প্রতিষ্ঠানের নিকট দায়বদ্ধ রাখি নাই কিংবা কোন আদালত কর্তৃক ক্রোকাকৃষ্ট হয় নাই। যদি অদূর ভবিষ্যতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে আপনি শান্তিপূর্ণ ভাবে ভোগ ব্যবহার কিংবা নির্মাণ কাজে আমি অত্র দলিল দাতা বা অত্র দলিল সম্পাদনকারী কিংবা আমার স্থলবর্তী বা পরবর্তী ওয়ালী ওয়ারিশ গনক্রমে কেহ কোন প্রকার গোলযোগের সৃষ্টি করি বা করাই তবে প্রচলিত আইন আমলে আসিতে বাধ্য রহিলাম।

এমনকি আপনি খরিদা মূল্যের সমস্ত টাকা ও টাকার ময় ক্ষতিপূরণ সমেত আপনার বরাবরে ফেরৎ প্রদানে বাধ্য রহিলাম ও রহিলেক। আপোষে না দিলে আপনি আইনের বৈধ প্রতিকারে আদায় করিয়া নিতে পারিবেন। সম্পূর্ণ নির্ভেজাল, নির্দোষ ও মুক্ত অবস্থায় আছে প্রকাশে আপনার বরাবরে সাফ বিক্রয় করিলাম। হস্তান্তরিত ভূমির স্বত্ব, স্বার্থ, দখল সম্পর্কে কোন মিথ্যাচার বা সত্য গোপন করার কারণে দলিল গ্রহিতা ক্ষতিগ্রস্থ হইলে ক্ষয়-ক্ষতি সহ প্রদর্শিত মূল্য ফেরৎ প্রদানে বাধ্য থাকিব এবং কৃত অপরাধের জন্য আইনত দন্ডনীয় হইবে।

যদি অদুর ভবিষ্যতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির দাগ, খতিয়ান কিংবা গর্ভের বয়ান বা মালিকানার টাইটেল প্রশ্নে কোনরূপ ভূল ভ্রান্তির উদ্ভব হয় তবে অত্র দলিল পন্ড বা বাতিল হইবেক না বরং আপনি তলব মাফিক তাহার জন্য একখানা ভ্রম সংশোধন নামা দলিল আমি অত্র দলিল দাতা বা অত্র দলিল সম্পাদনকারী ও আমার অবর্তমানে ওয়ারিশ গণক্রমে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিলেক।

চলমান পাতা-১১

৮। একাধিক ক্রেতা/গ্রহিতার ক্ষেত্রে ক্রয়কৃত/ অর্জিত জমির হারাহারি মালিকানার বিবরণ ঃ (যদি থাকে)
প্রযোজ্য নহে।

৯। একাধিক বিক্রেতা/হস্তান্তরকারীর ক্ষেত্রে হস্তান্তরিত জমির হারাহারি মালিকানার বিবরণ ঃ
প্রযোজ্য নহে।

১০। সম্পাদনের তারিখ (বাংলা ও ইংরেজী) ঃ বাংলা ১৪২৩ সালের ১লা আষাঢ়, বুধবার

১৫/৬ / ইংরেজী ২০১৬ সালের

**১১। সম্পত্তির তফসিল ঃ**

জেলাঃ ঢাকা, থানাঃ পল্লবী ও সাব-রেজিস্ট্রী অফিস মিরপুর, অধীন, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত। ভূমি অফিসের নাম মিরপুর, ভূমি তফসিল অফিস মিরপুর, ঢাকা ।

মৌজাঃ **"গড়ান চটবাড়ী"** স্থিত। জে,এল নম্বরঃ সি.এস. ও এস.এ. ২১৮, আর.এস. ২২, সিটি জরিপ-৪ নং।

**খতিয়ান নম্বরঃ** সি.এস- ১০২ ও ৬৩৮ নং, এস.এ- ৫৭ ও ৪৪৫ নং, আর.এস- ২০১ ও ১৩৪ নং, সিটি জরিপ খতিয়ান- ৬৮, জোত- $\frac{৬৮}{১}$ বটে।

**দাগ নম্বরঃ** (১) সি.এস ও এস.এ- ৮৬ (ছিয়াশি) নং ও ৮৭ (সাতাশি) নং, আর. এস- ১৬৬ (একশত ছিষট্টি) নং ও ১৬৭ (একশত সাতষট্টি) নং, ঢাকা সিটি জরিপে- ৩৮১২ নং দাগে ৮.৭৫ (আট দশমিক সাত পাঁচ) শতাংশ বা ০৮৭৫ (আটশত পঁচাত্তর) অযুতাংশ এবং ঢাকা সিটি জরীপে- ৩৮১৪ নং দাগে ১ ষোল আনায় ৫২ (বায়ান্ন) শতাংশ বা ৫২০০ (পাঁচ হাজার দুইশত) অযুতাংশ। একুনে দুইটি দাগে ৬০.৭৫ (ষাট দশমিক সাত পাঁচ) শতাংশ বা ৬০৭৫ (ছয় হাজার পঁচাত্তর) অযুতাংশ নাল ভূমি অত্র দলিল দ্বারা সাফ বিক্রীত সম্পত্তি বটে।

চলমান পাতা-১২

১২। সম্পত্তির চৌহুদ্দীর বিবরণ ঃ


| | |
|---|---|
| উত্তরে- ভিটি দাগ ৩৮৭২ | দক্ষিনে- ভিটি- ৩৮৭৫ |
| পূর্বে- ভিটি দাগ- ৩৮৭৭ | পশ্চিমে- ভিটি- ৩৮৭৬ |

১৩। হস্তান্তরিত সম্পত্তির পরিমাণ (অংকে ও কথায়) ঃ মং ভুমি ৬০.৭৫ (ষাট দশমিক সাত পাঁচ) শতাংশ।

১৪। হস্তান্তরিত সম্পত্তির মূল্য পরিশোধের বিবরণ ঃ (যদি থাকে) অংকে ও কথায় ঃ

| |
|---|
| অংকে/কথায় ঃ মং-১,৩৭,৯৭,৫০০/- (একা কোটি সাইত্রিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত) টাকা। |

১৫। হস্তান্তরিত সম্পত্তির হাত নকশা ও পরিমাপ ঃ




উত্তর

দক্ষিণ

চলমান পাতা-১৩

১৬। কৈফিয়ত যদি থাকে ঃ

১৭। দাতা/দাত্রীগনের স্বাক্ষর ঃ

গ্রহিতা/গ্রহিতার স্বাক্ষর ঃ

১৮। স্বাক্ষী/স্বাক্ষীগণের নাম ঠিকানা ও স্বাক্ষর ঃ

(ক)

| | | | |
|---|---|---|---|
| নাম ঃ | | স্বাক্ষর ও তারিখ ঃ | |
| পিতা/স্বামীর নাম | | ডাকঘর | |
| মাতার নাম | | উপজেলা/থানা | |
| গ্রাম/রোড নং | | জেলা | |

(খ)

| | | | |
|---|---|---|---|
| নাম ঃ | | স্বাক্ষর ও তারিখ ঃ | |
| পিতা/স্বামীর নাম | | ডাকঘর | |
| মাতার নাম | | উপজেলা/থানা | |
| গ্রাম/রোড নং | | জেলা | |

১৯। সনাক্তকারীর নাম ঠিকানা ও স্বাক্ষর ঃ

| | | | |
|---|---|---|---|
| নাম ঃ | | স্বাক্ষর ও তারিখ ঃ | |
| | | | |
| পিতা/স্বামীর নাম | | ডাকঘর | |
| মাতার নাম | | উপজেলা/থানা | |
| গ্রাম/রোড নং | | জেলা | ঢাকা |

২০। হস্তান্তরিত সম্পত্তির সঠিক পরিচয় এবং বাজার মূল্য সম্পর্কে সম্যক অবহিত হইয়া আমি নিম্ন স্বাক্ষরকারী অত্র দলিল মুসাবিদা করিয়াছি এবং পক্ষগণকে পাঠ করিয়া শুনাইয়াছি।দলিলটি হলফসহ ১৬ (ষোল) ফর্দে লিখিত।

দলিল লেখকের স্বাক্ষর ঃ

দলিল লেখকের নাম ঃ

পূর্ন ঠিকানা ঃ

সনদ নম্বর ঃ

অফিসের নাম ঃ

## <u>হলফনামা</u>

২১। দলিল দাতার হলফনামাঃ

(রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১৪২ নং আদেশ মোতাবেক, ১৯০৮ সনের রেজিষ্ট্রেশন আইনের ংবপঃরড়হ ৫২অ (ম) এবং ১৮৮২ সনের সম্পত্তি হস্তান্তর আইনের ংবপঃরড়হ ৫৩উ অনুসারে প্রদত্ত হলফনামা)

বরাবর,

সাব রেজিষ্ট্রার

মিরপুর, ঢাকা।

খান মোহাম্মদ মাহফুজুল হক, পিতা- কে. এম. আব্দুল হাই, মাতা- আয়েশা নাজনীন, বয়স/জন্ম তারিখ- ১৩/১২/১৯৬২ ইং, সাং- বাড়ী নং ৪৭, রোড নং ১৪, সেক্টর ০৩, থানা- উত্তরা, জেলা- ঢাকা, ধর্ম- ইসলাম, পেশা- ব্যবসা, জাতীয়তা- বাংলাদেশী, জাতীয় পরিচয় পত্র নং- ২৬৯৯৫০১৯২৮৭৭৮

এই মর্মে ঘোষণাপূর্বক হলফনামা প্রদান করিতেছি যে, আমি/আমরা বাংলাদেশের (বা প্রযোজ্য ক্ষেত্রে অন্য দেশের নাগরিক হইলে উক্ত দেশের নাম) নাগরিক।

আমি/আমরা ঘোষনা করিতেছি যে,

(ক) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ দালাল (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ৮) এর অধীন ক্রোকের আওতাধীন নহে;

(খ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা ও নিস্পত্তি) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ১৬) এর অর্থানুযায়ী পরিত্যক্ত সম্পত্তি নহে;

(গ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তি আপাততঃ বলবৎ কোন আইনের অধীন সরকারে বর্তায় নাই, বা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হয় নাই;

(ঘ) প্রস্তাবিত হস্তান্তর আপাততঃ বলবৎ অন্য কোন আইনের কোন বিধানের সহিত সাংঘর্ষিক নহে;

(ঙ) প্রস্তাবিত হস্তান্তর বাংলাদেশ ল্যান্ড হোল্ডিং (লিমিটেশন) আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের পি.ও নং ৯৮) এর অনুচ্ছেদ ৫ এ অনুযায়ী বাতিলযোগ্য নহে; এবং

(চ) হস্তান্তরের জন্য প্রস্তাবিত স্থাবর সম্পত্তির বিবরণ সঠিকভাবে বর্ণিত হইয়াছে এবং উহা অবমূল্য করা হয় নাই এবং উল্লিখিত সম্পত্তি হস্তান্তরকরণে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে।

আমি/আমরা আরও ঘোষণা করিতেছি যে, আমি/আমরা দলিলে বর্ণিত সম্পত্তির নিরঙ্কুশ মালিক। অন্য কোন পক্ষের সহিত এই সম্পত্তির বায়না চুক্তি স্বাক্ষর হয় নাই বা অন্য কোথাও হস্তান্তর হয় নাই বা অন্য কোন পক্ষের নিকট বন্ধক রাখা হয় নাই।

চলমান পাতা-১৬

দলিলে বর্ণিত সম্পত্তিতে আমার/আমাদের বৈধ স্বত্ব ও অধিকার বহাল আছে এবং প্রদত্ত বিবরণ আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। তারিখঃ ২৫/৫/১৬ ইং

হলফকারী/হলফকারীগনের স্বাক্ষরঃ

সনাক্তকারীর ঘোষণাঃ

এই মর্মে ঘোষণা করিতেছি যে, হলফকারী/হলফকারীগণ আমার পরিচিত এবং আমার সম্মুখে তিনি/তাহারা দলিলে স্বাক্ষর প্রদান করিয়াছেন (বা আমি তাহার বা তাহাদের বা ৪ নং ক্রমিকধারী হলফকারীর নাম বকলমে লিখিয়া দিয়াছি)।

সনাক্তকারীর স্বাক্ষর-

সাব-রেজিষ্ট্রার
মিরপুর-ঢাকা।

২২। সাব রেজিষ্ট্রারের নাম ও পদবী সহ স্বাক্ষর ও তারিখ ঃ

মূল দলিলের ... নকল সরবরাহ করা হইল
সাব-রেজিষ্ট্রার